

অপারেশন ছাড়া পাইলসের চিকিৎসা -

রাবার ব্যান্ড লাইগেশন-

এর আরেক নাম হচ্ছে Barron Banding. এটা পাইলসের চিকিৎসার এক ধরনের পদ্ধতি। যেখানে এক ধরনের ব্যান্ড ব্যবহার করা হয়। ব্যান্ডটা সাধারণত রাবার বা লেটেক্স দিয়ে তৈরি।

কিভাবে কাজ করে-

এক বিশেষ ধরনের machine (Band Applicator) ব্যবহার করা হয়। ব্যান্ড টা পাইলসের চারপাশে pressure তৈরি করে। তারপর পাইলস টা আস্তে আস্তে খসে পড়ে যায়। আর জায়গাটা পরবর্তীতে শুকিয়ে যায়।

কতদিন সময় লাগে-

সাধারণত ২ থেকে ৩ সপ্তাহ সময় লাগে পুরোপুরি ভাল হতে। কিন্তু স্বাভাবিক কাজকর্মে কোন সমস্যা হয় না। রোগী Banding করে ঐ দিনই বাড়ি চলে যেতে পারে।

কখন ব্যবহার করা হয়-

- পাইলস যখন ভিতরে (Internal Haemorrhoids) থাকে।
- পাইলস যখন Grade-II অথবা III হয়।
- পাইলস যখন শুধুমাত্র একটা অথবা দুইটা Position এ থাকে।
- রুগী যদি Unfit থাকে অন্য কোন Procedure করার জন্য কিন্তু রক্তপাত চলতে থাকে।

সুবিধা-

- ব্যাথামুক্ত ও রক্তপাতহীন।
- হাসপাতালে ভর্তি থাকা লাগে না।
- স্বাভাবিক কাজকর্মে কোন সমস্যা হয় না।
- একাধিক বার করা যায়।
- খরচ কম।
- Medically unfit patient কিন্তু রক্তপাত হচ্ছে তাদের ক্ষেত্রে এটা করা যায়।

- অন্য কোন ঔষধ লাগে না।

অসুবিধা-

- একের অধিক জায়গায় হলে একাধিক settings প্রয়োজন হতে পারে।
- একাধিক বার লাগতে পারে।
- ব্যান্ড slip করতে পারে।
- Rare case এ সামান্য রক্তপাত হতে পারে।
- External অথবা Interoexternal পাইলসে প্রযোজ্য নহে।
- গ্রেড ৪ পাইলসে এটা প্রযোজ্য নয়।